



## বর্ধমান বিশ্ববিদ্যালয়

প্রত্নশালা ও চিত্রবীথি

রাজবাড়ি, বর্ধমান-৭১৩১০৪

মহাশয়/মহাশয়া,

১৯৭৭ সাল থেকে চলে আসা আন্তর্জাতিক সংগ্রহালয় দিবস পালনের এবার ৫০তম বর্ষ। প্রতি বছর ১৮ মে দিবসটি পালিত হয়। এই দিবস পালনের ২০২৬ সালের উপজীব্য হল : 'বিভাজিত বিশ্বকে একতাবদ্ধ করে সংগ্রহালয়' (Museums Uniting a Divided World)। বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রত্নশালা ও চিত্রবীথি উক্ত দিনটি যথোচিত মর্যাদায় পালন করবে। বিশ্বাসের বৈচিত্র্যের মধ্যেও আমাদের ঐক্য ও মহান সাংস্কৃতিক ঐতিহ্যকে ছাত্রছাত্রী, গবেষকসহ সকলের মধ্যে তুলে ধরাই এই দিবস পালনের মূল উদ্দেশ্য।

অনুষ্ঠানের সূচনা করবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. শঙ্কর কুমার নাথ। স্থান : প্রত্নশালা ও চিত্রবীথি, রাজবাড়ি, বর্ধমান, সময় : দুপুর একটা। বক্তব্য রাখবেন মাননীয় দিলীপ দত্তগুপ্ত। উপস্থিত থাকবেন বিজ্ঞান ও কলা অনুষদের মাননীয় অধ্যক্ষগণ, মাননীয় কর্মাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যবৃন্দ। দিবস পালনের অঙ্গ হিসেবে থাকবে বিশেষ আলোচনা ও প্রদর্শনী।

'আন্তর্জাতিক সংগ্রহালয় দিবস, ২০২৬' পালনের বিশেষ অনুষ্ঠানে সকলকে স্বাগত জানাই।

রাজবাড়ি, বর্ধমান  
মে ১২, ২০২৬

ড. বিনতা সরকার  
প্রধান, ইতিহাস বিভাগ ও  
ইন-চার্জ, মিউজিয়াম অ্যান্ড আর্ট গ্যালারি